

গণপ্রজাতন্ত্রী বাংলাদেশ সরকার
স্বাস্থ্য ও পরিবার কল্যাণ মন্ত্রণালয়
(নার্সিং শাখা)

নং-৪৫.১৫৮.১১০.০০.০০.০৩২.২০১৫-৫৬৮

তারিখঃ ২৩ অগ্রহায়ণ ১৪২২
০৭ ডিসেম্বর ২০১৫

বিষয়ঃ বেসরকারী পাবনা কমিউনিটি নার্সিং ইনস্টিটিউট, পাবনা এর অনুমোদন বাতিল এবং ডিপ্লোমা ইন-নার্সিং সায়েন্স এন্ড মিডওয়াইফারি কোর্সে শিক্ষার্থী ভর্তির কার্যক্রম বন্ধ প্রসঙ্গে।

সূত্রঃ (১) বিএনসি'র স্মারক নং বিএসসি/২০১১/২৮৯৮, তারিখ ১০-১১-২০১১ খ্রিঃ।

(২) স্বাস্থ্য ও পরিবার কল্যাণ মন্ত্রণালয়ের স্মারক নং-৪৫.১৫৮.১১১.০০.০০.০৩২.২০১৪-২১, তারিখ ১৩-০১-২০১৫ খ্রিঃ।

উপর্যুক্ত বিষয়ে জানানো যাচ্ছে যে, পাবনা কমিউনিটি নার্সিং ইনস্টিটিউট-এ ০৩ বছর মেয়াদী ডিপ্লোমা ইন নার্সিং সায়েন্স এন্ড মিডওয়াইফারি কোর্সে ২০১১-২০১২ শিক্ষা বর্ষ হতে ৪০টি আসন বরাদ্দপূর্বক শর্ত সাপেক্ষে ০১ (এক) বছরের জন্য ১ নং সূত্রে বর্ণিত স্মারকে সাময়িক অনুমোদন প্রদান করা হয়। পরবর্তীতে পর্যায়ক্রমে শর্তাধীনে অনুমোদনের মেয়াদ বৃদ্ধি করা হয়। সর্বশেষ ২ নং সূত্রে বর্ণিত স্মারকে ১০টি শর্তে অনুমোদনের মেয়াদ ২০১৪-২০১৫ শিক্ষা বর্ষ পর্যন্ত অর্থাৎ ৩০ জুন, ২০১৫ খ্রিঃ তারিখ পর্যন্ত অনুমোদনের মেয়াদ বৃদ্ধি করা হয়। কিন্তু সর্বশেষ অনুমোদন পত্রে উল্লিখিত শর্তাবলী তীর প্রতিষ্ঠান কর্তৃক প্রতিপালন করা হয়নি।

২। বেসরকারী পর্যায়ে নার্সিং প্রতিষ্ঠান ও কোর্স পরিচালনা সংক্রান্ত এ মন্ত্রণালয় কর্তৃক গঠিত পরিদর্শন কমিটি কর্তৃক গত ৩১ মে, ২০১৫ খ্রিঃ তারিখে প্রতিষ্ঠানটি সরেজমিনে পরিদর্শন করে প্রতিবেদন দাখিল করা হয়। পরিদর্শন প্রতিবেদনেও শর্তাবলী প্রতিপালন হয়নি মর্মে উল্লেখ করা হয় এবং উক্ত ইনস্টিটিউট আর নিয়মিত করার মতো পরিবেশ নেই মর্মেও কমিটির নিকট প্রতীয়মান হয়।

৩। এমতাবস্থায়, ইতোপূর্বে প্রদত্ত শর্তাবলী প্রতিপালন না হওয়ায় গত ১০-০৯-২০১৫ খ্রিঃ তারিখে অনুষ্ঠিত বাংলাদেশ নার্সিং কাউন্সিলের নির্বাহী কমিটি সভার সিদ্ধান্ত এবং এ সংক্রান্ত নীতিমালা অনুসরণে পাবনা কমিউনিটি নার্সিং ইনস্টিটিউটের অনুমোদন এতদ্বারা বাতিল করা হলো এবং শিক্ষা কার্যক্রম বন্ধ করার জন্য নির্দেশক্রমে অনুরোধ করা হলো।

৪। একই সাথে পাবনা কমিউনিটি নার্সিং ইনস্টিটিউটে ২০১২-২০১৩ শিক্ষা বর্ষ হতে ২০১৪-২০১৫ শিক্ষা বর্ষ পর্যন্ত ভর্তিকৃত ছাত্র-ছাত্রীদের অন্য বেসরকারী নার্সিং ইনস্টিটিউটে স্থানান্তরের নিমিত্ত বৎসর ওয়ারী ছাত্র-ছাত্রীদের নামের তালিকা এ মন্ত্রণালয়ে প্রেরণের জন্য অনুরোধ করা হলো।

৩৪/১/

(মোঃ লুৎফর রহমান)
সিনিয়র সহকারী সচিব
ফোন : ৯৫৪৫৭৭৯

অধ্যক্ষ

পাবনা কমিউনিটি নার্সিং ইনস্টিটিউট
বিষ্ণুপুর, সাঁথিয়া, পাবনা।

নং-৪৫.১৫৮.১১০.০০.০০.০৩২.২০১৫-৫৬৮/১ (৭)

তারিখঃ ২৩ অগ্রহায়ণ ১৪২২
০৭ ডিসেম্বর ২০১৫

অনুলিপি অবগতি ও প্রয়োজনীয় ব্যবস্থা গ্রহণের জন্যঃ

- ১। পরিচালক, সেবা পরিদপ্তর, ১৪-১৫ মতিঝিল, বা/এ, ঢাকা।
- ২। সিভিল সার্জন, পাবনা।
- ৩। সচিব এর একান্ত সচিব, স্বাস্থ্য ও পরিবার কল্যাণ মন্ত্রণালয় (সচিব মহোদয়ের সদয় অবগতির জন্য)।
- ৪। সিস্টেম এনালিস্ট, কম্পিউটার সেল, স্বাস্থ্য ও পরিবার কল্যাণ মন্ত্রণালয়। এ মন্ত্রণালয়ের ওয়েব সাইটে প্রকাশের জন্য অনুরোধ করা হলো।
- ৫। রেজিস্ট্রার, বাংলাদেশ নার্সিং কাউন্সিল, ২০৩ শহীদ সৈয়দ নজরুল ইসলাম সরণী, বিজয় নগর, ঢাকা। বাংলাদেশ নার্সিং কাউন্সিল অর্ডিন্যান্স, ১৯৮৩ (Ordinance No.LXI of 1983) এর ধারা ১৩ (১) ও (২) অনুসরণে আলোচ্য প্রতিষ্ঠানের স্বীকৃতি প্রত্যাহারের প্রয়োজনীয় ব্যবস্থা গ্রহণের জন্য নির্দেশক্রমে অনুরোধ করা হলে।
- ৬। অতিরিক্ত সচিব (শৃংখলা ও নার্সিং)/যুগ্মসচিব (নার্সিং) এর ব্যক্তিগত কর্মকর্তা, স্বাস্থ্য ও পরিবার কল্যাণ মন্ত্রণালয় (অতিরিক্ত সচিব ও যুগ্মসচিব মহোদয়ের সদয় অবগতির জন্য)।

(মোঃ লুৎফর রহমান)
সিনিয়র সহকারী সচিব